গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা -১ শাখা
www.mole.gov.bd

বিষয় : শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদার করণে ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ৫ম প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : কে এম আব্দুস সালাম<br>সচিব |
| সভার তারিখ | : ০৪/০৫/২০২১খ্রি: মঙ্গলবার |
| সময় | : দুপুর ১২:৩০ টা |
| স্থান | : ভার্চুয়াল |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

উপস্থাপনাঃ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্ক্রম শুরু করা হয়। সভাপতি কমিটির সদস্য সচিব ও প্রকল্প পরিচালককে সভার কার্যপত্র অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। সভাপতির নির্দেশক্রমে প্রকল্প পরিচালক বিগত ১৯-০৮-২০২০ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ৪র্থ পিএসসি সভার কার্বিবরণী ও সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। কারো কোনো আপত্তি না থাকায় কার্বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢীকরণ করা হয়।

২. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ভৌতঃ প্রকল্প বাস্তবায়নে ভৌত কাজের অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, এই প্রকল্পের মোট ভৌত কাজের অগ্রগতি ৯০% এবং ১ম সংশোধিত ডিপিপি মতে প্রকল্প আগামী ৩০ জুন ২০২১ সালে শেষ হবে। কোভিডের কারণে কাজ বন্ধ থাকা ও বাজেট বরাদ্দে স্বল্পতার কারণে ইতোমধ্যে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদকাল বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

আর্থিকঃ প্রকল্পের আর্থিক অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, অক্টোবর ২০১৭ হতে এপ্রিল ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৪৯৩২.৭৬ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৭৯.৯৬%। অনুমোদিত ডিপিপি মতে ২০২০-২০২১ অর্থবছরের প্রকল্পের অনুকূলে বাজেট বরাদ্দের চাহিদা ১২৩৬.২৫ লক্ষ টাকা হলেও বরাদ্দ রয়েছে ৩০০.০০ লক্ষ টাকা মাত্র।

| ক্র:নং | প্রকল্পের সর্বশেষ পিআইসি সভার সুপারিশসমূহ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | প্রকল্প মেয়াদ ২০২১-২২ অর্থবছরের আওতায় ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধির নিমিত্ত প্রকল্প ব্যয় ব্যতিরেকে মেয়াদকাল বৃদ্ধিজনিত ২য় সংশোধনীর প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। | প্রকল্প কাজ করোনার ২য় ঢেউয়ে আক্রান্ত হওয়ার কারণে এপ্রিল ২০২১ হতে বন্ধ রয়েছে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। তাছাড়া প্রকল্পের অনুকূলে ২০২০-২১ অর্থবছরে বাজেট বরাদ্দ অপর্যাপ্ত বিধায় প্রকল্প মেয়াদ আগামী ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। | ক) প্রকল্প মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধির নিমিত্ত প্রকল্প ব্যয় ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব সংক্রান্ত পিআইসি'র সুপারিশ অনুমোদন করা হলো।<br><br>খ) জরুরীভিত্তিতে প্রকল্প ব্যয় ব্যতিরেকে মেয়াদকাল বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | প্রকল্পের টাইম বাউন্ড একশন প্ল্যান সংশোধিত মতে হালনাগাদ করে আগামী PSC অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। | আলোচনার এ পর্যায়ে সেনা কল্যাণ সংস্থার প্রতিনিধি সভাকে জানান যে, কোভিডের কারণে কাজ বন্ধ থাকায় এবং মেয়াদ বৃদ্ধিজনিত ২য় সংশোধনীর প্রস্তাব অনুমোদনের বিষয়টি প্রক্রিয়াধীন থাকায় প্রকল্পের টাইম বাউন্ড একশন প্ল্যান হালনাগাদ করা সম্ভব হচ্ছেনা। মেয়াদ বৃদ্ধিজনিত ২য় সংশোধনীর প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে প্রকল্পের হালনাগাদ টাইম বাউন্ড একশন প্ল্যান প্রণয়ণ করে প্রেরণ করা হবে। | ক) প্রকল্পের আগামী পিএসসি সভায় সেনা কল্যাণ সংস্থা প্রকল্পের হালনাগাদ টাইম বাউন্ড একশন প্ল্যান উপস্থাপন করবে। |
| ০৩ | বিবিধ | আলোচনার এ পর্যায়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্প স্থানের নিরাপত্তার প্রয়োজনে নির্মিত স্থাপনার পিছনে পাহাড়ের উপরে ও নীচে ডিপিপি মতে তারের সীমানা প্রাচীর স্থাপন করা জরুরী। এ বিষয়ে সেনা কল্যাণ সংস্থার প্রতিনিধি শীঘ্রই বর্ণিত স্থানে তারের সীমানা প্রাচিরের কাজ শুরু করা হবে বলে সভাকে জানান। | ক) প্রকল্পের ডিপিপি অনুসরণে সকল কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। |

৪। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৫/২০২১

(কে এম আব্দুস সালাম)
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়,
ও
সভাপতি
প্রজেক্ট স্টিয়ারিং কমিটি।